R. N. No. 2532/57

Regd. No. WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২

রিপ্রোডাকশন সিন্ডিকেট

ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন

৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গীয় শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

এম বি পাম্পসেট

চাষীভাইদের স্বপ্নকে সার্থক করে তোলে।

পরিবেশক :—

এস, কে, রায়

হার্ডওয়ার ষ্টোর্স

রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ

ফোন নং—৪

৬৪শ বর্ষ
৩৬শ সংখ্যা

রঘুনাথগঞ্জ, ৪ঠা মাঘ, বুধবার, ১৩৮৪ সাল।
১৮ই জানুয়ারী, ১৯৭৮ সাল।

নগদ মূল্য : ১৫ পয়সা
বার্ষিক ৭৲, সডাক ৮৲

## সাধারণ মানুষকে উপেক্ষা ও লাঞ্ছনার নিরসন দাবি

বিশেষ প্রতিবেদক : এক মাস আগে মহকুমার গ্রামাঞ্চলের অসংখ্য ক্ষুধার্ত মানুষের জীবন যন্ত্রণার বাস্তব চিত্রের ভাষ্যরূপ এই সাপ্তাহিকে প্রকাশ করা হয়েছিল। এবং রঘুনাথগঞ্জের প্রকাশ্য রাস্তায় অনাহারে মৃত্যুর একটি মর্মান্তিক ঘটনার উল্লেখ করে জঙ্গিপুরের প্রশাসনকে সতর্ক করে দেওয়া হয়েছিল। কিন্তু আশ্চর্য্যের কথা সতর্কতা অবলম্বন করা হয়নি। মর্মস্পর্শী ঘটনার গুরুত্ব উপলব্ধি করা হয়নি, যার ফলশ্রুতি হিসেবে আর চারটি প্রাণ ক্ষুধার জ্বালা সইতে না পেরে ইহজগৎ থেকে বিদায় নিতে বাধ্য হয়েছে। মুখ্যমন্ত্রী জ্যোতিবাবুর দায়িত্ব গ্রহণ কালে 'রাজ্যে না খেতে পেয়ে কেউ মারা যাবে না' এই অঙ্গীকার সত্ত্বেও আমলাকেন্দ্রিক শাসন ব্যবস্থায় জঙ্গিপুরের বুকে জ্যোতিবাবুর প্রতিশ্রুতি মিথ্যা প্রতিপন্ন হয়েছে। গত এক মাসে জঙ্গিপুর মহকুমার তিনটি ব্লকে পাঁচ ব্যক্তির অনাহারে মর্মান্তিক মৃত্যুর ঘটনা মহকুমা প্রশাসনের অবহেলা, শৈথিল্য আর অকর্মন্যতার একটি জ্বলন্ত দৃষ্টান্ত। ধান ওঠার মরশুমেও এই ধরনের ঘটনা সত্যিই দুর্ভাগ্যজনক। এই ঘটনা প্রমাণ করে ব্লক আধিকারিকরা সংশ্লিষ্ট ব্লকগুলিতে তাঁদের কার্য্য সম্পাদনে ব্যর্থ হয়েছেন। গ্রামে গ্রামে গ্রামসেবক নামধারী সরকারী কর্মচারীরা সরকারের নির্দেশ পালনে গাফিলতি দেখিয়েছেন। রাজ্য সরকারের পক্ষ থেকে অসহায় দরিদ্র পরিবারের জন্য ব্লকে ব্লকে জি আর দেওয়ার রীতি রয়েছে। অথচ কার্য্যক্ষেত্রে দেখা গেছে জি আর বণ্টনে গ্রামে গ্রামে দুর্নীতি প্রশ্রয় পেয়েছে, স্বেচ্ছাচার মাথা চাড়া দিয়েছে। উপযুক্ত ছিন্নমূল

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## এ্যামবুলেনসের অচলাবস্থা অব্যাহত
## জঙ্গিপুরে ব্লাড ব্যাঙ্ক স্থাপন প্রস্তাবিত

বিশেষ প্রতিনিধি, ১৮ জানুয়ারী—নতুন করে পেটরলের অর্থবরাদ্দ না আসায় হাসপাতালগুলিতে এ্যামবুলেনসের অচলাবস্থা অব্যাহত রয়েছে। জঙ্গিপুর মহকুমা হাসপাতালে ব্লাড ব্যাঙ্ক স্থাপনের প্রস্তাব করা হয়েছে। এক সাক্ষাৎকারে খবরগুলি দিয়েছেন জঙ্গিপুর মহকুমা হাসপাতালের এস ডি এম ও ডাঃ ধনঞ্জয় সাহা। তিনি জানিয়েছেন, ১৯৭৭ সালের এপ্রিল মাস থেকে নভেম্বর মাস পর্যন্ত পেটরল খরিদ বাবদ তাঁদের ১০ হাজার টাকা দেনা ছিল। তার মধ্যে ৫ হাজার টাকা রাজ্য স্বাস্থ্য দপ্তর থেকে পাওয়া গিয়েছে। এখনও ৫ হাজার টাকা বাকী আছে। টি বি খাত থেকে ওই দেনা পরিশোধ করা হবে। ফলে টি বি বিভাগের প্রয়োজনীয় কাজকর্ম ব্যাহত হবে। খরচ কমানোর জন্য রাজ্য সরকার পেটরলের অর্থবরাদ্দ ছাটাই করার ফলে এই অচলাবস্থার সৃষ্টি হয়েছে। বহরমপুরে রোগী পাঠাতে বেশ বেগ পেতে হচ্ছে।

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## পয়সা কামানর জন্য গুজব ছড়ানো হচ্ছে

এক শ্রেণীর ব্যবসায়ী কয়েকদিন ধরে গুজব ছড়াবার চেষ্টা করছেন যে আলুর বাজারে খুব শিগগির সরবরাহে ঘাটতি হবে এবং দামও বাড়বে। কারণ রেলে নাকি বুকিং হচ্ছে না। সরকারের আশঙ্কা, কু-পরামর্শ মতো ব্যবসাদারদের একটি টেলিগ্রামের ভিত্তিতেই এই গুজব ছড়াচ্ছে। খুচরা বিক্রেতাদের তাই আশ্বস্ত করা হচ্ছে যে, এই ধরনের উদ্দেশ্যমূলক গুজবে তাঁরা নিজেরা যেন বিভ্রান্ত না হন এবং জনসাধারণকেও যেন মুনাফাবাজদের শিকার না করেন। আলুর বাজারে ফাটকাবাজি বন্ধ করতে সব ব্যবস্থাই নেওয়া হবে। সংশ্লিষ্ট রেলওয়ে কর্তৃপক্ষের কাছে খবর নিয়ে জানা গেছে যে বুকিং বন্ধ হয়নি। ওয়াগনও আসছে। ব্যবসাদাররাই বরং সমস্যার সৃষ্টি করে দু' পয়সা কামাতে এই গুজব ছড়াচ্ছেন।

—নিউজ ব্যুরো

## ৫ জন মাঝি বরখাস্ত

অরঙ্গাবাদ, ১৩ জানুয়ারী—নৌকায় বেশী যাত্রী তোলা এবং যাত্রীদের সঙ্গে দুর্ব্যবহারের অভিযোগে সুতী থানার আমুহা ফেরীঘাটের ৫ জন মাঝিকে বরখাস্ত করা হয়েছে। এর ফলে সেখানে উত্তেজনার সৃষ্টি হয়েছে। কারণ সম্পর্কে সমবায় সমিতির পক্ষ থেকে পুলিশকে বলা হয়েছে যে, মাঝিদের বিরুদ্ধে এই সমস্ত অভিযোগ থাকার ফলে সমিতির সুনাম নষ্ট হচ্ছিল। তাই এ ব্যবস্থা নিতে হয়েছে।

## কলেজে দ্বাদশ শ্রেণী

জঙ্গিপুর, ১৮ জানুয়ারী—পশ্চিমবঙ্গ সরকার জঙ্গিপুর কলেজে একাদশ-দ্বাদশ শ্রেণী খোলার নির্দ্দেশ দিয়েছেন। কয়েক মাস আগে কলেজে ৪০ জন ছাত্র পি ইউ ক্লাসে ভর্তি হয়েছিল, রাজ্য সরকারের ওই আদেশের ভিত্তিতে তাদের নাম একাদশ শ্রেণীভুক্ত করা হয়েছে এবং সেই মত ১১ জানুয়ারী থেকে ক্লাস শুরু হয়েছে। উল্লেখ করা যেতে পারে, গত বছর আগষ্ট-সেপটেমবর মাসে একাদশ শ্রেণীতে ভর্তির সমস্যা নিয়ে জঙ্গিপুর সংবাদ পত্রিকায় বহু লেখালেখি হয়েছিল।

## পুরস্কারের ভাগীদার

নিজস্ব সংবাদদাতা: স্বল্প সঞ্চয় অভিযানে পশ্চিমবঙ্গের ১৬টি জেলার মধ্যে মুর্শিদাবাদ জেলা এবার প্রথম স্থান অধিকার করে ৫ লক্ষ টাকা পুরস্কার লাভের অধিকারী হয়েছে। এই টাকা কেবলমাত্র বহরমপুরের উন্নয়নে খরচ না করে জেলার চারটি মহকুমার উন্নয়নে ব্যয় করা উচিত বলে বিভিন্ন মহল থেকে অভিমত প্রকাশ করা হচ্ছে। শুধুমাত্র মুখে রক্ত সঞ্চার হলেই তা যেমন স্বাস্থ্যের লক্ষণ হয় না, তেমনি শুধুমাত্র জেলার সদর শহরে কোন বিরাট কাজ হলেই সেটা জেলার উন্নতি বলা যায় না। চারটি মহকুমাতেই উন্নয়নমূলক বহু কাজ টাকার অভাবে অসমাপ্ত অবস্থায় পড়ে রয়েছে। এই টাকায় অনেক সুরাহা হতে পারে। কাজেই পুরস্কারের ৫ লক্ষ টাকা জেলার চারটি মহকুমার মধ্যে ভাগ করে দেওয়া হোক। বহরমপুরকে ২ লক্ষ টাকা এবং কান্দী, লালবাগ ও জঙ্গিপুর মহকুমাকে ১ লক্ষ টাকা করে দেওয়া হোক। জনসাধারণের পক্ষ থেকে এ দাবি জানানো হচ্ছে।

## বিষম চড়ুইভাতি

রঘুনাথগঞ্জ, ১৭ জানুয়ারী—গত পরশু চড়ুইভাতি করে এসে শহরের প্রয়াত আইনজীবী বিজলী মিত্রের ছোট ছেলে প্রশান্ত মিত্র (২০) গুরুতর অসুস্থ হয়ে পড়ে। কয়েকবার বমি হওয়ায় 'খাদ্যে বিষক্রিয়া' সন্দেহে তাকে জঙ্গিপুর মহকুমা হাসপাতালে প্রায় অচেতন অবস্থায় ভর্তি করা হয়। অবস্থার অবনতি ঘটলে বহরমপুর সদর হাসপাতালে তাকে স্থানান্তরিত করা হয়। সেখানে তার মৃত্যু ঘটে। মহকুমা হাসপাতালের সারজেন জানান, অসুস্থ যুবকের চোখ এবং অন্যান্য লক্ষণ দেখে 'মাথায় রক্তক্ষরণের সন্দেহ' হচ্ছিল। আজ খবর পাওয়া যায় যে, ময়না তদন্ত রিপোরটে নাকি যুবকের 'মাথায় আঘাতের ফলে রক্তক্ষরণ হয়েছিল' বলে উল্লেখ করা হয়েছে।

## বিবেকানন্দ জয়ন্তী

রঘুনাথগঞ্জ, ১২ জানুয়ারী—স্থানীয় বিবেকানন্দ ক্লাব স্বামী বিবেকানন্দের ১১৬তম জন্ম জয়ন্তী উৎসব যথাযোগ্য মর্যাদার সঙ্গে পালন করেন। এই উপলক্ষে বিতর্ক, সঙ্গীত, যেমন খুশি গল্প বলা, তাৎক্ষণিক প্রশ্নোত্তর প্রভৃতি প্রতিযোগিতার আয়োজন করা হয়। অনুষ্ঠানে পৌরোহিত্য করেন জঙ্গিপুর কলেজ অধ্যক্ষ ডঃ সচ্চিদানন্দ ধর। তাৎক্ষণিক প্রশ্নোত্তর প্রতিযোগিতায় ১ম, ২য় ও ৩য় স্থানাধিকারীকে যথাক্রমে ৩০, ২০ ও ১০ টাকা পুরস্কার দিয়ে প্রাতিষ্ঠানিক মর্যাদা রক্ষা করেন পুরপতি ডাঃ গৌরীপতি চট্টোপাধ্যায়।

## বিদেশী জিনিস আটক

ধুলিয়ান, ১৩ জানুয়ারী—ধুলিয়ান ঘোষপাড়ার দু'জন বারবণিতার বাড়িতে তল্লাসি চালিয়ে কৃষ্ণনগর ল্যাণ্ড কাষ্টমস্ সুপারিনটেনডেনট গত শুক্রবার বিদেশী মেডিসিন পাউডার, রোলেকস, খয়ের, সুতো ও ১০ হাজার তাস উদ্ধার ও আটক করেন। এই সব জিনিসপত্রের দাম ৫,৫৭১ টাকা। এখানে সিনেমা হলের আশে পাশে প্রচুর পরিমাণে বাঙলাদেশের কাপড়চোপড় বিক্রী হচ্ছে বলে প্রকাশ।

## বিডিও-২ ছিলেন না

নিজস্ব সংবাদদাতা: ৪ জানুয়ারীর জঙ্গিপুর সংবাদে প্রকাশিত জঙ্গিপুর স্কুলের শতবর্ষ উদযাপনের সংবাদ পড়ে রঘুনাথগঞ্জ ২নং উন্নয়ন সংস্থাধিকারিক মহঃ নুরুল আবসার এক চিঠিতে জানিয়েছেন, ঐ দিন তিনি সেকেন্দ্রা অঞ্চল অফিস উদ্বোধন নিয়ে ব্যস্ত ছিলেন বলে স্কুলের উৎসবে যোগ দিতে পারেননি। কাজেই তাঁর বিরুদ্ধে জনসাধারণের বিক্ষোভের প্রশ্ন উঠতে পারে না। তাছাড়া তিনি স্কুলের উৎসব উদ্‌যাপন কমিটির সঙ্গে বিন্দুমাত্রও জড়িত নন।

এদিকে বিক্ষুব্ধ জনসাধারণের একজন প্রতিনিধি স্বীকার করেছেন, ভুলক্রমে তাঁরা সেদিন রঘুনাথগঞ্জ ২নং উন্নয়ন সংস্থাধিকারিকের বিরুদ্ধে বিক্ষোভ দেখানো হয়েছিল বলে জানিয়েছিলেন। আসলে একটি মন্তব্যের জন্য বিক্ষোভ দেখানো হয়েছিল রঘুনাথগঞ্জ ১নং উন্নয়ন সংস্থাধিকারিকের বিরুদ্ধে। পরে তিনি সেই মন্তব্য প্রত্যাহার করায় বিক্ষোভকারীরা শান্ত হয়েছিলেন।

## চাষীর প্রতি অবিচার

সাগরদীঘি, ১৭ জানুয়ারী—নামলার বছর বলে এবার এখন পর্যন্ত ধান কাটা শেষ হয়নি। অথচ এই মধ্যে শুরু হয়েছে খাজনা আদায়ের তোড়জোড়। তেঘরি-কয়ালপাড়া ও বালিয়া গ্রামের দু'জন চাষীর হালের বলদ ক্রোক করা হয়েছে খাজনার জন্য। চাষীরা অভিযোগ করেছেন, খাজনার জন্য তহশীলদাররা তাঁদের উপর জুলুম করছেন। এটা তাঁদের প্রতি অবিচারের নামান্তর। কারণ, চৈত্র মাস পর্যন্ত খাজনা দেওয়ার সময় আছে। চাষীদের অনুরোধ ধান কাটাই ও মাড়াই শেষ হওয়ার পর খাজনা আদায় করা হোক। তাহলে ধান বিক্রী করে খাজনা দিতে সুবিধা হবে।

মনিগ্রামের এক খবরে জানা গেছে, সেখানে কাজের বিনিময়ে খাদ্য প্রকল্পে চাঁদপাড়া উপলাই বিলের নানা সংস্কার ও মনিগ্রাম ফরেষ্টের নালা কাটার কাজ চলতে থাকায় ক্ষেত-মজুরকে ধান কাটার কাজে পাওয়া যাচ্ছে না। ফলে খুব অসুবিধা হচ্ছে। চাষীদের ধারণা, ধান কাটা শেষ হওয়ার পর কাজের বিনিময়ে খাদ্য প্রকল্প চালু হলে ভালো হতো।

## খেলার খবর

অরঙ্গাবাদ, ১৩ জানুয়ারী—স্থানীয় ডি এন কলেজের পি ইউ-র ছাত্র মন্টু চৌধুরী গতকাল কলেজ প্রাঙ্গণে সাইকেলে ৪ ঘন্টা ধরে বিভিন্ন প্রকার খেলা দেখিয়ে সকলের প্রশংসা অর্জন করেন। ছাত্রছাত্রীরা তাঁকে পুরস্কৃত করেন। অধ্যক্ষ শ্রীকুমার আচার্য্য ব্যক্তিগতভাবে মন্টু চৌধুরীকে পুরস্কার দেবেন বলে জানিয়েছেন।

**জেলা চ্যাম্পিয়ন:** মুর্শিদাবাদ জেলা আন্তঃ বিদ্যালয় ফুটবলে জঙ্গিপুর উচ্চ বিদ্যালয় দল ৯ জানুয়ারী ডন বসকো বিদ্যালয় দলকে ৫—২ গোলে পরাজিত করে জেলা চ্যাম্পিয়নের সম্মান লাভ করে। তবে জেলাভিত্তিক এই প্রতিযোগিতা ৩/৪ মাস দেরীতে হওয়ায় জঙ্গিপুর বিদ্যালয় দল আন্তঃ প্রদেশ ফুটবল প্রতিযোগিতায় অংশ গ্রহণে বঞ্চিত হল।

**প্রীতি ক্রিকেট:** সাগরদীঘি, ১৫ জানুয়ারী—গত রবিবার বোখারা ক্রিকেট ময়দানে মুর্শিদাবাদ কানুনগো একাদশ বনাম বোখারা ক্রিকেট অ্যাসোসিয়েশন (বি সি এ)-এর এক দিনের এক প্রীতি ক্রিকেট প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এই প্রতিযোগিতায় প্রথমে ব্যাট করতে এসে বি সি এ তাঁদের প্রথম ইনিংসে রান করেন ১১৫। প্রত্যুত্তরে মুর্শিদাবাদ কানুনগো একাদশ ১১৬ রান করে তাঁদের প্রথম ইনিংস শেষ করেন। দ্বিতীয় ইনিংসে বি সি এ এক উইকেটে ২৮ রান করার পর সময়াভাবে অমীমাংসিত অবস্থায় খেলা শেষ হয়।

## মহিলা কৃষি শিক্ষণ শিবির

নিজস্ব সংবাদদাতা, মির্জাপুর: কৃষিকাজে মেয়েদের মধ্যে উৎসাহ বাড়াতে গত ২৭, ২৮, ২৯ ও ৩০ ডিসেম্বর মির্জাপুর মহিলা কৃষক চর্চা মণ্ডলে ৪ দিনব্যাপী এক মহিলা কৃষি প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন মহকুমা শাসক মীরা পাণ্ডে। গনকর, বাড়ালা ও মির্জাপুর কৃষক চর্চা মণ্ডলের মোট ২৪ জন মহিলা বীজ সংরক্ষণ, জৈব সারের প্রয়োজনীয়তা ও তার ব্যবহার, সুষম খাদ্য ও তার উৎপাদনে মহিলাদের ভূমিকা, সয়াবীনের গুণাগুণ ও খাবার প্রস্তুত প্রভৃতি বিষয় নিয়ে শিক্ষালাভ করেন। শেষ দিনে মুর্শিদাবাদের জেলা শাসক অশোক গুপ্ত এই প্রশিক্ষণ শিবিরের সার্থকতা নিয়ে সন্দেহ প্রকাশ করে বক্তব্য রাখায় মহিলা শিক্ষার্থীরা অনেকে বিব্রত বোধ করেন। এদিকে কয়েকজন মহিলা আলোচ্যসূচীর কিছু পরিবর্তনের স্বপক্ষে মতামত প্রকাশ করেন বলে জানা গেছে।

স্বুচিরা সাহিত্য পত্রিকার উদ্যোগে

## ছোট গল্প ও কবিতা প্রতিযোগিতা

নতুন লেখক/লেখিকাদের কাছ থেকে প্রতিযোগিতার জন্য মৌলিক রচনা আহ্বান করা হচ্ছে। ছোটগল্প ৬০০ শব্দের এবং কবিতা ১৫ লাইনের মধ্যে হওয়া চাই। প্রবেশ মূল্য, গল্পের জন্য তিন এবং কবিতার জন্য দু'টাকা। লেখা এবং প্রবেশ মূল্য ৩১শে জানুয়ারী '৭৮ মধ্যে নিম্ন ঠিকানায় অবশ্যই পৌছানো চাই অন্যথায় কোন রচনাই গ্রহণীয় নয়।—সম্পাদক, সুচিরা, গ্রাম বোখারা, পোঃ ধনপৎগঞ্জ, জেলা মুর্শিদাবাদ।

সবার প্রিয় চা—
চা ভাণ্ডার
রঘুনাথগঞ্জ সদরঘাট
ফোন—১৮

## বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা মির্জাপুর অঞ্চলের অভিভাবকগণকে জানান যাইতেছে যে শিবরাম স্মৃতি পাঠাগার ও ক্লাব পরিচালিত অবৈতনিক টিউটোরিয়াল হোমে ষষ্ঠ শ্রেণী হইতে দশম শ্রেণী পর্য্যন্ত ছাত্রছাত্রী ভর্ত্তি চলিতেছে। আসন সংখ্যা সীমিত। গত বৎসর ৮৫% ছাত্রছাত্রী কৃতকার্য্য হইয়াছে। সত্বর পাঠাগার কর্তৃপক্ষের নিকট ছেলেমেয়েদের নাম নথীভুক্ত করাইবেন।

এই হোম ও বুকব্যাঙ্কে বিদ্যোৎসাহিগণের যে কোন প্রকার দান সাদরে গ্রহণ করা হইবে।

শ্রীমদনমোহন সাহা
১৩।১।৭৮ সাধারণ সম্পাদক,
শিবরাম স্মৃতি পাঠাগার ও ক্লাব
মির্জাপুর, পোঃ গনকর
মুর্শিদাবাদ।

১নং পাটনা বিড়ি, ১নং আজাদ বিড়ি
সিনিয়র রুস্তম বিড়ি
বঙ্গ আজাদ বিড়ি ফ্যাক্টরী
পোঃ ধুলিয়ান (মুর্শিদাবাদ)
সেলস্ অফিস: গৌহাটি ও তেজপুর
ফোন: ধুলিয়ান—২১

বিভিন্ন প্রকার খাদি বস্ত্র, ছাপা সিল্ক শাড়ী, গরদ শাড়ী, গরদ থান, তসর, মটকা, কেঠে, বাপতা ইত্যাদির জন্য যোগাযোগ করুন:—
গান্ধী স্মারক নিধি
(খাদি গ্রামোদ্যোগ ভাণ্ডার)
রঘুনাথগঞ্জ ॥ বাজারপাড়া

স্বুবর্ণ স্বুযোগ
কির্লোসকার, উষা, কুপার ইত্যাদি কোম্পানীর পাম্পসেট, হাসকিং মেসিন এবং অন্যান্য যন্ত্রপাতি যন্ত্রের সঙ্গে দীর্ঘ কুড়ি বৎসরের অভিজ্ঞ ইঞ্জিনীয়ার দ্বারা মেরামত করা হয়।
নিম্নে যোগাযোগ করুন:—
ক্যালকাটা সাইকেল ষ্টোর
রঘুনাথগঞ্জ ॥ ফুলতলা
(জগন্নাথের সাইকেলের দোকান)

Phone :- Farakka 24
ডাঃ এস, এ, তালেব
ডি এম এস
পোঃ ফরাক্কা ব্যারেজ, মুর্শিদাবাদ।
হোমিওপ্যাথি মতে যাবতীয় পুরাতন রোগের চিকিৎসা করা হয়।

### উপেক্ষা ও লাঞ্ছনার নিরসন দাবি ( ১ম পৃষ্ঠার পর )

অসহায়ের কাছে সাহায্যের কানাকড়িও পৌছোয়নি। সাগরদীঘি ব্লকের অধীনে মানগ্রাম-নয়াপাড়ার সবচেয়ে মর্মান্তিক ঘটনা অনাহারে জনৈক আদিবাসীর মৃত্যু। মৃত ব্যক্তির সাহায্যের কাতর প্রার্থনাকে উপেক্ষা করে পরোক্ষভাবে তাকে হত্যা করা হয়েছে। সামসেরগঞ্জ ব্লকেও অনুরূপ ঘটনায় তিন ব্যক্তির মৃত্যু ঘটেছে। সংবাদগুলি এই পত্রিকায় প্রকাশের পর জেলা শাসকের নির্দেশে তদন্ত হয়েছে বলে জানা গিয়েছে। রাজনৈতিক দলগুলো যাঁরা কথায় কথায় গরীবের জন্য অশ্রুমোচন করে থাকেন, তাঁদের মুখ দিয়েও এ সম্পর্কে একটি মন্তব্যও উচ্চারিত হয়নি। প্রশাসনের আমলাদের কাছে এ নিয়ে কোন রাজনৈতিক নেতার পক্ষ থেকে ক্ষোভ প্রকাশও করা হয়নি। আজ মহকুমার বুকে যে মর্মান্তিক ঘটনা ঘটেছে তার গুরুত্ব উপলব্ধি করে ঐ ঘটনার ভবিষ্যৎ পুনরাবৃত্তি রোধে অবিলম্বে রাজনৈতিক দলগুলোর সংগঠিত প্রস্তাব নিয়ে এগিয়ে যাওয়ার দিন এসেছে। 'আন্দোলনে পুলিশ আসবে না, মিসা হবে না' —সরকারের এই প্রতিশ্রুতিতে আশ্বস্ত হয়ে অবিলম্বে এই মর্মান্তিক ঘটনার জন্য দায়ী ব্যক্তির গাফিলতির উপযুক্ত কৈফিয়ৎ চাওয়ার দিন এসেছে। ত্রিশ বছরের আমলাকেন্দ্রীক শাসনব্যবস্থায় দিনের পর দিন সাধারণ মানুষকে উপেক্ষা করে যে লাঞ্ছনা চাপা না হয়েছে রাজ্যের বামফ্রন্ট সরকারের উচিত অবিলম্বে তার নিরসনে সুষ্ঠু ও বাস্তব ব্যবস্থা গ্রহণে এগিয়ে আসা। স্বেচ্ছাচার আর দুর্নীতির কবল থেকে মানুষকে মুক্তি দিতে সংঘবদ্ধ স্থায়ী প্রচেষ্টার প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করা। এ দাবি সকলের।

### জঙ্গিপুরে ব্লাড ব্যাঙ্ক স্থাপন ( ১ম পৃষ্ঠার পর )

এ্যামবুলেনসের অচলাবস্থার গোড়ার দিকে জঙ্গিপুরের মহকুমা শাসক রোগী নিয়ে যাওয়ার জন্য তাঁর গাড়িটি দিতে চেয়েছিলেন। কিন্তু বার বার তাঁর গাড়ি দেওয়া সম্ভব হবে না বলে এস ডি এম ও নিতে চাননি। প্রসঙ্গতঃ ডাঃ সাহা জানান, অর্থবরাদ্দ ছাঁটাই-এর ফলে সদরে ডি এম ও-র দেনা হয়েছে প্রায় ৬০ হাজার টাকা। এখন বাকীতে তেল কেনা বন্ধ করে দেওয়া হয়েছে।


জঙ্গিপুর মহকুমা হাসপাতালে ব্লাড ব্যাঙ্ক স্থাপন প্রসঙ্গে ডাঃ সাহা জানান, ১৪ জানুয়ারী জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক সেজন্যে এখানে এসেছিলেন। তিনি তাঁকে প্রস্তাব দিয়েছেন হাসপাতালের ফ্যামিলি প্ল্যানিং অফিসে ব্লাড ব্যাঙ্ক স্থাপন করা যেতে পারে। অনুমোদন পেলে সেভাবেই ব্লাড ব্যাঙ্ক স্থাপন করা হবে এবং দপ্তর পুনর্বিন্যাসের প্রয়োজন হবে।


Wanted a trained graduate (Arts) in Deputation Vacancy for three months. Apply to the Secretary, Sahebnagar High School, P. O. Kankuria, Dt. Murshidabad within seven days. Applicants are directed to meet the Secretary with all the original certificates & testimonials on 30. 1. 78 at 11-00 A. M.


## বেকার যুবকদের জন্য

২০% থেকে ২৫% কমিশনে পশ্চিমবঙ্গ রাজ্য লটারি টিকিটের সেলিং এজেন্ট হিসেবে কাজ করার জন্য বেকার যুবকদের কাছ থেকে দরখাস্ত চাওয়া হচ্ছে। বিশদ বিবরণের জন্য ডিরেকটরেট অব স্টেট লটারিজ, পশ্চিমবঙ্গ সরকার, ৬১ গণেশচন্দ্র অ্যাভিনিউ, কলকাতা-৭০০০১৩—ঠিকানায় লিখুন।

পঃ বঃ ( তথ্য ও জনসংযোগ ) ২৩২ ( ৩৪ )/৭৮


রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত-প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।